দৈনিক সংবাদ

তারিখ ... 19 OCT 1988 ...
পৃষ্ঠা ... ... 4 কলাম ... 7 ...

011

করিয়া রাতারাতি উচ্ছেদ করা হয়। আমরা ভুক্তভোগী। এতদিন পর আবার হঠাৎ করিয়া পূর্বের হুকুমদখলকৃত ভূমি পতিত রাখিয়া সড়ক উন্নয়নের নামে আমাদের বসতবাড়ী, ফসলী জমি পুনরায় হুকুমদখলের নোটিশ জারির কারণ বুঝিতে পারিতেছি না। বারবার আমাদের উপর এহেন আঘাতে আমরা সর্বহারা। এখন এই পরিকল্পনা বাস্তবায়িত করিলে আমরা বাস্তুহারায় পরিণত হইব। অনেকেই ভিটামাটি-শূন্য ও ভূমিহীন হইয়া পড়িবে। আমাদের আকুল আবেদন পূর্বের হুকুমদখল করা সংলগ্ন ভূমি যাহা আমরা ছাড়িয়া দিয়াছি উহা ব্যবহার করিয়া সড়ক উন্নয়ন করা হউক এবং আমাদেরকে দুর্ভোগের হাত হইতে বাঁচানো হউক।

এলাকাবাসীর পক্ষে
মো: মনিরুজ্জামান মেম্বার
ও
মো: জয়নাল আবেদীন
কেরনখাল, চান্দিনা, কুমিল্লা।

## কবে ভর্তি পরীক্ষার ফল বের হবে?

গত ৩রা আগষ্ট, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে লিখিত নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। কর্তৃপক্ষ ৩১ আগষ্ট, ১৯৮৮ উক্ত পরীক্ষার ফলাফল প্রকাশ করবেন বলে সংবাদপত্রে বিজ্ঞপ্তি দেন। কিন্তু সেপ্টেম্বর মাস পেরিয়ে অক্টোবরের মাঝামাঝি এসেছে; এখন পর্যন্ত পরীক্ষার ফল প্রকাশিত হয়নি। আমরা আর কতকাল অপেক্ষা করবো? কর্তৃপক্ষ জবাব দেবেন কী?

মো: আলাউদ্দিন (আলো)
মালীপুর, পাটোয়ারী বাড়ী,
ফেনী-৩৯০০

## পলিটেকনিকের ক্লাস

কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীনে আমরা ১৯৮৬ সনে পলিটেকনিক্যাল ইন্সটিটিউটে ভর্তি হয়েছিলাম। বোর্ডের নিয়ম অনুযায়ী এক বছর পর ক্লাস শুরু হওয়ার কথা। কিন্তু আজ পর্যন্ত ক্লাস শুরু হওয়ার কোন আভাসই পাওয়া যাচ্ছে না। এজন্য প্রায় চার হাজার ছাত্রছাত্রী আজ দুশ্চিন্তায় ভুগছে। আমাদের দেশের কারিগরি শিক্ষা ব্যবস্থার সেসন বর্তমানে যেভাবে পিছাচ্ছে এভাবে ভবিষ্যতে পিছালে

(৭-এর পাতায় দেখুন)

## চিঠিপত্র

(৪র্থ পাতার পর)

শিক্ষার্থীরা কারিগরি বিষয়ে পড়ার উৎসাহ হারিয়ে ফেলবে। সুতরাং কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলছি, ১ম বর্ষের ১ম সেমিস্টার পরীক্ষার পর ২য় শিফটের ক্লাস আরম্ভ করুন।

আবু হেনা মোস্তফা কামাল,
রোল নং ৮৬০৪৪ (বিদ্যুৎ),
সেসন: ১৯৮৬-৮৭,
সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট